গাংনীতে জোরপুর্বক জমি দখল করে প্রাচীর নির্মান

জোরপূর্বক জমি দখল করে প্রাচীর নির্মানের প্রতিবাদ ও প্রাচীর নির্মান কাজ বন্ধের দাবিতে সংবাদ সম্মেলন করেছেন গাংনীর শিশিরপাড়া গ্রামের মোতালেব হোসেন ও তার পরিবারের সদস্যরা।

শনিবার (০৯ নভেম্বর) বিকেলে গাংনী প্রেসক্লাবে মোতালেব হোসেনের পরিবারের পক্ষ থেকে জমি দখলের বিভিন্ন অভিযোগ করে প্রতিকারের জন্য সংশ্লিষ্ঠদের সু-দৃষ্টি কামনা করা হয়।

সংবাদ সম্মেলনে বক্তব্যে মোতালেব হোসেন বলেন, আমাদের পৈত্রিক সম্পত্তির অংশ থেকে ৮৯ শতক জমি ক্রয় করেন গাংনী উপজেলা চেংগাড়া গ্রামের আজিজুল। তার রেজিস্ট্রিকৃত জমির দাগ নং ৩৭১, ৩৭৫, ৩৭৬, ৩৭৭, ৩৩২৯। দলিল অনুযায়ী তার জমি র্পাঁচ দাগ থেকেই নিতে হবে। কিন্তু আজিজুল গং জোরপুর্বক দখল করেছেন ৩৭৫, ৩৭৬, ৩৭৭ দাগ থেকে। এ তিনটি দাগের জমি শিশিরপাড়া গ্রামের ঝিনেরপুলের কাছে পাশাপাশি।

ধানখোলা ইউনিয়ন ভূমি অফিসের (গাড়াডোব) তহশীলদার জাকির হোসেন ও গাংনী ভূমি অফিসের সহকারী শাহজাহানকে ম্যানেজ করে আজিজুলের কেনা জমি খারিজ সম্পাদন হয়েছে। যা অবৈধ ভাবেই সম্পাদন করা হয়। খারিজের সময় জমির অন্যান্য অংশিদারদেরকে লিখিত বা মৌখিক নোটিশ দেওয়া হয়নি।

মোটা অংকের অর্থের বিনিময়ে গোপনে খারিজ করা হয়েছে বলে আমারা মনে করছি। এই অবৈধ খারিজ বাতিলের জন্য আমরা গাংনী উপজেলা ভূমি অফিসে আবেদন করেছি।

কিন্তু খারিজ বাতিলের বিষয়ে তহশিলদার জাকির হোসেন দিনের পর দিন আমাদেরকে হয়রানি করছেন।

ওই জমির এসএ এবং আরএস রেকর্ড আমার নামে (মোতালেব হোসেন) থাকা সত্তেও লাঠিয়াল বাহিনী দ্বারা জোপুর্বক প্রাচীর নির্মান করছে আজিজুল গং। আমরা বাধা দিতে গেলে তাদের লাঠিয়াল বাহিনীর লোকজন প্রাণনাশের হুমকি দিচ্ছে।

শুধু ভূমি অফিসে নয় আদালতেও মামলা চলমান রয়েছে উল্লেখ করে

ভুক্তভোগী মোতালেব হোসেন বলেন,

আদালতে বিচারাধীন মামলা দুটির মধ্যে দেওয়ানী ১৩৫/১৯ এবং ফৌজদারী মামলা ৪৪৫, পিটিশন নং ৩২৩/১৯। যেখানে মামলা বিচারাধীন সেখানে তারা শুধুমাত্র গায়ের জোরেই প্রাচীর নির্মান করছেন। পেশিশক্তি প্রয়োগের মাধ্যমে আমাদের পৈত্রিক জমির জবর দখল করছে।

- গাংনী প্রতিনিধি

গাংনীতে বিদ্যুতায়িত হয়ে অটোভ্যান চালক নিহত

মেহেরপুরের গাংনী উপজেলার হিন্দা গ্রামে বিদ্যুতায়িত হয়ে এক অটোভ্যান চালক নিহত হয়েছে।
আজ শনিবার বিকেল সাড়ে ৪টার দিকে নিজ বাড়িতে এ ঘটনা ঘটে।

নিহত ব্যাক্তি হলো হিন্দা গ্রামের পশ্চিমপাড়ার আনিচুর রহমানের ছেলে।

নিহতের পরিবার সুত্রে জানা যায়, নিহত আহার মাঠ থেকে ভেজা শরীরে বাড়িতে এসে অটোভ্যানে চার্জ দিতে গেলে সে পড়ে যায়।
এসময় পরিবারের লোকজন তার জ্ঞান হারিয়েছে ভেবে মাথায় পানি দেয়। পরে শারীরিক অবস্থার অবনতিন হলে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসে।
কর্তব্যরত ডাক্তার তাকে মৃত ঘোষনা করেন।
ডাক্তার জানান সে এখানে আসার আগেই মারা যায়।

- গাংনী প্রতিনিধি

গাংনীতে আইডিয়াল র্ফাস্ট এইড ট্রেইনিং সেন্টারের উদ্বোধন

মেহেরপুরের গাংনীতে আইডিয়াল র্ফাস্ট এইড ট্রেইনিং সেন্টারের উদ্বোধন অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

গত বৃহস্পতিবার সন্ধ্যায় গাংনী উপজেলা বাজারে আলোর পথে যুব সংঘ অফিসের নিচ তলায় এ প্রতিষ্ঠানের উদ্বোধন করা হয়।

র্ফাস্ট এইড ট্রেইনিং সেন্টারের গাজিপুর ইনস্টিটিউটের পরিচালক ও গাংনী উপজেলার শাখা পরিচালক আবু সায়েম চৌধুরী প্রধান অতিথি হিসেব উপস্থিত থেকে গাংনী শাখার উদ্বোধন করেন।

আইডয়াল র্ফাস্ট এইড ট্রেইনিং সেন্টারের উপ পরিচালক এহসান কবির সবুজের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন উপজেলা স্বেচ্ছাসেবক লীগ নেতা সৈয়দ ওমর আলি তাপু।

উদ্বোধনী অনুষ্ঠানে বক্তারা এ প্রতিষ্ঠানের সুযোগ সুবিধা সম্পর্কে বিস্তর আলোচনা করেন।
এ সময় বিভিন্ন এলাকা থেকে আগত প্রশিক্ষনার্থীরা উপস্থিত ছিলেন।

আলোচনা শেষে প্রধান অতিথি আবু সায়েম চৌধুরী ফিতা কেটে প্রতিষ্ঠানটির শুভ উদ্বোধন করেন।

নিজস্ব প্রতিনিধি

গাংনীতে ৩৫ বোতল ফেন্সিডিল সহ একজন গ্রেফতার

মেহেরপুরের গাংনীতে ৩৫ বোতল ফেন্সিডিল সহ জয় (২৫) নামের একজনকে গ্রেফতার করেছে পুলিশ।

গত বৃহস্পতিবার রাতে উপজেলার তেরাইল গ্রামের পশ্চিমপাড়ার তার নিজ

বাড়ি থেকে তাকে গ্রেফতার করা হয়।

এসময় তার বাড়ি থেকে ৩৫ বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয়। গাংনী থানার ওসি মো: ওবাইদুর রহমান জানান, পাচার করার জন্য জয় তার বাড়িতে ফেন্সিডিল মজুত করেছে এমন সংবাদ পেয়ে অভিযান চালানো হয়।

এসময় তাকে গ্রেফতার করা হয়। উদ্ধার করা হয় ৩৫ বোতল ফেন্সিডিল। ফেন্সিডিল উদ্ধারের ঘটনায় জয়ের নামে গাংনী থানায় একটি মাদকের মামলা দায়ের করা হয়েছে। মামলা দায়ের পূর্বক আদালতে সোপর্দ করা হয়েছে।

পুলিশের দাবি জয় একজন মাদক ব্যবসায়ী। সে তেরাইল গ্রামের মৃত আব্দুল মতিনের ছেলে।

নিজস্ব প্রতিনিধি

গাংনীতে ৩৫ বোতল ফেন্সিডিলসহ একজন গ্রেফতার

মেহেরপুরের গাংনীতে ৩৫ বোতল ফেন্সিডিল সহ জয় (২৫) নামের একজনকে গ্রেফতার করেছে পুলিশ।
বৃহস্পতিবার রাতে উপজেলার তেরাইল গ্রামের পশ্চিমপাড়ার তার নিজ বাড়ি থেকে তাকে গ্রেফতার করা হয়। এসময় তার বাড়ি থেকে ৩৫ বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয়। সে তেরাইল গ্রামের মৃত আব্দুল মতিনের ছেলে।
গাংনী থানার ওসি মো: ওবাইদুর রহমান জানান, পাচার করার জন্য জয় তার বাড়িতে ফেন্সিডিল মজুত করেছে এমন সংবাদ পেয়ে অভিযান চালানো হয়। এসময় তাকে গ্রেফতার করা হয়। উদ্ধার করা হয় ৩৫ বোতল ফেন্সিডিল। ফেন্সিডিল উদ্ধারের ঘটনায় জয়ের নামে গাংনী থানায় একটি মাদকের মামলা দায়ের করা হবে। মামলা দায়ের পূর্বক আদালতে সোপর্দ করা হবে। পুলিশের দাবি জয় একজন মাদক ব্যবসায়ী।
-গাংনী প্রতিনিধি

মেহেরপুরের গাংনী উ…

মেহেরপুরের গাংনী উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস থেকে ২ কোটি ১৬ লাখ টাকা ব্যায়ে ৪ প্রকল্পের কাজের লটারির ড্র অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার সকাল ১১ টার সময় উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষে এ লটারি ড্র অনুষ্ঠিত হয়।
এসময় গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান এম এ খালেক, উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান, এমপি প্রতিনিধি মনিরুজ্জামান আতু উপস্থিত ছিলেন।

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নিরঞ্জন চক্রবর্তীর সঞ্চালনায় লটারিতে অংশগ্রহনকারি বিভিন্ন ঠিকাদার, স্থানীয় রাজনৈতিক ব্যাক্তি, সংবাদকর্মী উপস্থিত ছিলেন।
প্রকল্পগুলো হচ্ছে, চাঁদপুর দুলাল নগর চাকলির বিল রাস্তার এইচবিবি করণ, বরাদ্দ ৫৪ লাখ ৭১ হাজার টাকা।

গাড়াডোব ইসলামপুর বহিলাপাড়া খাল মুখি রাস্তা এইচবিবি করণ, বরাদ্দ ৫৪ লাখ ৯০ হাজার টাকা। গাড়াবাড়িয়া হলদিপাড়া থেকে মাঠমুখি রাস্তার এইচবিবি করণ, বরাদ্দ ৫৪ লাখ ৮৪ হাজার টাকা। এবং পিরতলা হাতিমারা রাস্তার এইচবিবি করণ কাজে ব্যায় ধরা হয়েছে ৫৪ লাখ ৭০ হাজার টাকা।

খুব শিঘ্রই এ সকল রাস্তার এইচবিবি করন কাজ শুরু হবে। উক্ত রাস্তাগুলি প্রস্ততকরা হলে স্ব-স্ব এলাকার মানুষ উপকৃত হবে।

- গাংনী প্রতিনিধি

চাচিকে নিয়ে ভাতিজা উধাও

মেহেরপুরের গাংনী উপজেলার তেরাইল গ্রামে প্রেমের টানে চাচিকে নিয়ে উধাও হয়েছে ভাতিজা ওয়ায়েস কুরুনী।

গত মঙ্গলবার তারা উধাও হয়েছে । এনিয়ে এলাকায় চাঞ্চল্যকর পরিস্থিতি সৃষ্টি হযেছে। ওয়ায়েস কুরুনী উপজেলার চেংগাড়া মাদ্রসার শিক্ষার্থী। চাচি কাতার প্রবাসী রেজাউলের স্ত্রী।

জানা গেছে, প্রবাসীর স্ত্রীর সাথে মাদ্রাসা শিক্ষার্থী ওয়াঢেস কুরুনীর দির্ঘদিন ধরে মন দেওয়া নেওয়া চলে। মাস খানেক আগে রেজাউল বাড়ি ফিরে এসে বিষযটি বূঝতে পেরে তার স্ত্রীকে শাষনের মধ্যে রাখার চেষ্টা করে। শাষন বারণ মানতে না পেরে প্রেমিক ভাতিজার সাথে ঘর ছেড়েছে।
- গাংনী প্রতিনিধি

গাংনীতে একটি মাদ্রাসার কাছে থেকে ৪টি বোম উদ্ধার

মেহেরপুরের গাংনী উপজেলার মানিকদিয়া মাদ্রাসার কাছ থেকে ৪ টি বোমা উদ্ধার করেছে পুলিশ। পরিত্যক্ত অবস্থায় আজ বৃহস্পতিবার ভোরে বোমাগুলো উদ্ধার করে পানি বালুভর্তি বালতিতে রেখে প্রাথমিক নিষ্ক্রিয় করে পুলিশ। আতঙ্ক ছড়ানোর জন্য দুর্বৃত্তরা বোমা গুলো ফেলে রেখে যেতে পারে বলে প্রাথমিকভাবে পুলিশের ধারণা।
পুলিশ সূত্রে জানা গেছে, মানিকদিয়া এগারপাড়া দাখিল মাদ্রাসার পাশে বোমা পড়ে থাকার খবর পায় পুলিশ।
হেমায়েতপুর পুলিশ ক্যাম্পের এএস আই শাকিল খান সঙ্গীয় ফোর্স নিয়ে ঘটনাস্থল থেকে লাল স্কচ টেপ দিয়ে মোড়ানো চারটি বোমা উদ্ধার করতে সক্ষম হন।
আতঙ্ক সৃষ্টি করার জন্য বোমাগুলো দুর্বৃত্তরা রাখতে পারে। এই ঘটনায় জড়িতদের খুঁজে বের করার চেষ্টা চলছে বলে জানান এসআই শাকিল

খান।
-গাংনী প্রতিনিধি

বাওট বাঁধাগ্রস্থ শিশু বিদ্যালয়ে অভিভাবক সমাবেশ ব্যাগও শিক্ষা উপকরণ বিতরণ

মেহেরপুরের গাংনী উপজেলার বাওট বাঁধাগ্রস্থ শিশু বিদ্যালয়ে সুবর্ণ শিক্ষার্থীদের মাঝে ব্যাগ ও শিক্ষা উপকরণ বিতরণ করা হয়েছে।

গতকার বুধবার দুপুরের বাঁধাগ্রস্থ বিদ্যালয় কর্তৃক আযোজিত অভিভাবক সমাবেশ অনুষ্ঠিত হয়। সেভ দ্যা চিলড্রেনের সহযোগিতায় এ উপকরণ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, গাংনী উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান।

তিনি বক্তব্য বলেন,আমি এই স্কুলের শিক্ষকদের প্রতি আন্তরিক শ্রদ্ধাওঅভিনন্দন জানাই যারা বিনা বেতনে অত্যন্ত আন্তরিকতা এবং ভালোবাসা দিয়ে স্কুলের শিশুদের সেবা দিয়ে যাচ্ছেন এবং সুশিক্ষায় শিক্ষিত করার চেষ্টা চালিয়ে যাচ্ছেন।

আজ তাদের বিভিন্ন বিষয়ে অবগত হলাম। পরবর্তীতে সকলের সম্মিলিত চেষ্টায় তাঁদের পাশে দাঁড়াবো। স্কুলের প্রতিটি শিশুকে প্রতিবন্ধী ভাতা শিক্ষা উপবৃত্তির আওতায় আনা।

স্কুলটি এমপিভূক্ত করণের আবেদন শিশুদের মাঝে শিক্ষা ও সেবা উপকরণ বিতরণ শিক্ষকদের সম্মানী প্রদানের ব্যবস্থা স্কুল বাসের ব্যবস্থা করা স্কুলের সম্মানিত শিক্ষক এবং অভিভাবকবৃন্দের আলোচনার মাধ্যমে উপরিউক্ত বিষয়গুলি উপস্থাপিত হয়।

পরবর্তীতে সর্বোচ্চ আন্তরিকতা এবং দ্রæততার সাথে বিষয়গুলি সকলের সহযোগিতার মধ্য দিয়ে শতভাগ বাস্তবায়নের প্রয়াস অব্যাহত থাকবে।

গাংনীর কল্যানপুরে স্ত্রীকে নির্যাতন, অপরাধ ঢাকতে থানায় অভিযোগ

মেহেরপুরের গাংনী উপজেলার তেতুঁলবাড়িয়া ইউনিয়নের কল্যাণপুর দক্ষিণ পাড়ার মৃত আয়তাল হকের ছেলে ইমারুল সাথে ৭/৮ বছর আগে বিয়ে হয় বামন্দীর মৃত আব্দুল জলিলের মেয়ে মালেকার (৩৫) সাথে।

বিয়ের পর থেকেই ইমরুল তার স্ত্রী মালেকাকে মাঝে মধ্যে মারধোর সহ শারীরিক ভাবে নির্যাতন করতো। স্বামী স্ত্রীর মধ্যে এমন ঘটনা ঘটে থাকে বলে বিষয়টি আমলে নেয়নি গৃহবধু মালেকার পরিবারের লোকজন। সেই সুযোগ কাজে লাগিয়ে ইমরুল গত অক্টোবর মাসের দ্বিতীয় সপ্তাহে আবরো তার স্ত্রী মালেকা (৩৫) কে শারীরিক ভাবে নির্যাতন করে। খবর পেয়ে মালেকার পরিবারের লোকজন সহ বামন্দীর ইউপি সদস্য কামাল হোসেনকে সাথে নিয়ে ইমরুলের বাড়িতে যায়।

এসময় কল্যাণপুর গ্রামের ইউপি সদস্য সহ কয়েক জনের উপস্থিতিতে ইমরুল তার স্ত্রীকে রাখবে না বলে তার স্ত্রীর ব্যবহারের প্রয়োজনীয় সামগ্রী বুঝিয়ে দেয়। মালেকাকে তার পরিবারের সদস্যরা বামন্দীতে নিয়ে আসে এরপর ১৮ অক্টোবর ২০১৯ গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসার গ্রহন করে। যার রেজিঃ নং ৩৫৮/২।

সুচতুর ইমরুল স্ত্রীকে নির্যাতন ও বাড়ি থেকে বের করে দেওয়ার মত অপরাধ মূলক কর্মকান্ড আড়াল করার জন্য তার বাড়ি থেকে মালামাল ও নগদ টাকা নিয়ে গেছে তার স্ত্রী, এমন অভিযোগ দাবি করে গাংনী থানায় একটি অভিযোগ দায়ের করেন।

বামন্দী প্রতিনিধি